

### স্মার্টকার্ড নিয়ন্ত্রিত গমনাগমন শুরু

শিক্ষা মন্ত্রণালয়ের অধিভুক্ত আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে গত ২৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রি. থেকে স্মার্টকার্ড নিয়ন্ত্রিত আগমন ও বহির্গমন ব্যবস্থা চালু করা হয়েছে। ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউটের স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানটির সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য এই ব্যবস্থা চালু করা হয়। এছাড়াও এই ব্যবস্থায় অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের গমনাগমন সম্পর্কিত সব তথ্য কম্পিউটারে সংরক্ষিত থাকবে। অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীর হাতে ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী স্মার্টকার্ড তুলে দেন। স্মার্টকার্ড বিতরণের এই অনাড়ম্বর অনুষ্ঠানে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর অধীনে এ কাজটি সম্পন্ন করা হয়।



স্মার্টকার্ড নিয়ন্ত্রিত গমনাগমন ব্যবস্থা উদ্বোধন করছেন মহাপরিচালক ড. জীনাৎ ইমতিয়াজ আলী